দৈনিক ইনকিলাব

১৩

তারিখ 30 DEC 1991
পৃষ্ঠা... ২. কলাম ...১...

২৮

# ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সশস্ত্র তরুণদের আনাগোনা

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

পূর্বদিনের সন্ত্রাসী ঘটনার জের হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ে এখনো উত্তেজনা অব্যাহত রয়েছে। গতকালও ক্যাম্পাসে সশস্ত্র তরুণদের আনাগোনা করতে দেখা গেছে। এদিকে গতকাল আবাসিক হলসমূহের প্রভোস্টদের এক সভায় বলা হয়, গত কয়েকদিনে হলে হলে অস্ত্রধারী ও বহিরাগতদের আনাগোনা বিপজ্জনকভাবে বৃদ্ধি পেয়েছে। এ সভায় সন্ত্রাসী ও অস্ত্রধারীদের গ্রেফতারে তৎপর হবার জন্য আইন প্রয়োগকারী সংস্থার প্রতি আহবান জানানো হয়।

ভিসি প্রফেসর মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে অনুষ্ঠিত প্রভোস্টদের সভায় বলা হয়, ক্যাম্পাসে বিরাজমান পরিস্থিতিতে ছাত্র-ছাত্রীদের লেখাপড়া ও পরীক্ষাসমূহ অনুষ্ঠান বিঘ্নিত হচ্ছে এবং ছাত্র-শিক্ষক-কর্মচারীসহ সকলের নিরাপত্তা মারাত্মক হুমকির সম্মুখীন হয়ে পড়েছে। এতে আরো বলা হয়, চিহ্নিত সন্ত্রাসী ও অস্ত্রবাজরা যাতে হলে অবস্থান না নিতে পারে সে বিষয়ে হল প্রশাসনের তৎপরতা বাড়ানোর পাশাপাশি পুলিশকেও তৎপর হতে হবে। সভায় আশা প্রকাশ করা হয়, যে তৎপরতার সাথে পুলিশ গত বৃহস্পতিবারের ঘটনায় বিবদমান দু'টি

শেষ পৃঃ ৭-এর কঃ দেখুন

**সশস্ত্র তরুণ** প্রথম পৃষ্ঠার পর

দলকে আলাদা করে পরিস্থিতি আয়ত্তে এনেছে তদ্রূপ তৎপরতার সাথে সন্ত্রাসী ও অস্ত্রধারীদের গ্রেফতার করে পরিস্থিতির উন্নতি ঘটাবে। প্রভোস্টদের সভায় হলের অভ্যন্তরে সন্ত্রাসীদের অবস্থান সম্পর্কে হল প্রশাসনকে অবহিত করার জন্য ছাত্র-ছাত্রীদের প্রতি আহবান জানানো হয়।

এদিকে, সন্ত্রাসীদের আনাগোনায় গতকালও বিভিন্ন হলে উত্তেজনা লক্ষ্য করা গেছে। বিকেলে একটি মুখচেনা সন্ত্রাসী দল টিএসসি চত্বরসহ ক্যাম্পাসের বিভিন্ন স্থানে মহড়া দেয়।

**বিশ্ববিদ্যালয় মাঠে অস্ত্র তল্লাশি**

পুলিশ গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় মাঠে তল্লাশি চালিয়েছে। তারা মাঠে গর্তগুলোসহ এখানে-সেখানে খুঁজে দেখে। তবে কিছু পায়নি। বিভিন্ন হলে যখন প্রকাশ্য অস্ত্র নিয়ে চলাফেরা করতে দেখা যায়, সেসময় মাঠে অস্ত্র তল্লাশির এ ঘটনা ছাত্র-ছাত্রীদের হাসির উদ্রেক করেছে।